

১৬ জানুয়ারি

ছাত্রলীগের ৬ নেতা আটক

পালাতে গিয়ে ছাদ থেকে পড়ে নিহত ১ • ব্যবসায়ী মামুনের বাসায় তল্লাশি

যাযাদি রিপোর্ট

দেশ জুড়ে ধরপাকড় অভিযান আরো জোরদার করা হয়েছে। গ্রেফতার আড়ম্বর ছড়িয়ে পড়েছে রাজনৈতিক সংগঠনগুলোর নেতাকর্মীদের মধ্যে। যুক্তিতে নেই গডফাদাররাও।

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা থেকে গ্রেফতার করেছে ছাত্রলীগ সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার চৌধুরী রোটিনসহ কেন্দ্রীয় কমিটির শীর্ষ পর্যায়ের ছয় নেতাকে। মঙ্গলবার রাতে সেনা সদস্যরা ব্যবসায়ী গিয়াসউদ্দিন আল মামুনের ডিওএইচএসের বাসায় তল্লাশি চালিয়েছে। পল্টন এলাকায় যৌথ বাহিনীর অভিযান চলাকালে বহুতল ভবনের ছাদ থেকে পড়ে নিহত হয়েছে আতিক উল্লাহ রিপন (৩৫) নামে এক সন্ত্রাসী।

এছাড়াও গত ২৪ ঘণ্টায় খুলনা সদর ইউনিয়নের চেয়ারম্যান খান শাজাহান কবীর প্যারিস, বাগেরহাটের উজলকুড় ইউনিয়নের চেয়ারম্যান বিএনপি নেতা খাজা মঈনউদ্দিন আক্তার, গোয়ালন্দ উপজেলা বিএনপি সভাপতি সাইদুর

রহমান হেনা, নরসিংদী পৌর চেয়ারম্যান ও শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক লোকমান হোসেন, শহর বিএনপির সাধারণ সম্পাদক হারুন অর রশিদ, সাতক্ষীরা জেলা কৃষক দলের

সভাপতি মোহাম্মদ আলীসহ বিভিন্ন রাজনৈতিক দলের বিপুলসংখ্যক নেতাকর্মীকে যৌথ বাহিনী গ্রেফতার বা আটক করেছে বলে আমাদের স্থানীয় অফিস,



ছাত্রলীগ নেতাদের রমনা থানায় নেয়ার পর তাদের উৎকণ্ঠিত সমর্থকরা সেখানে ভিড় জমায়-যাযাদি